

## Welland Gouldsmith School

### Bengali 2<sup>nd</sup> language

#### Class 8

#### Answers 4

#### ★ দার্জিলিঙের চিঠি (কবিতা) : সত্যেন্দ্রনাথ দত্ত

প্রশ্ন :

১. আলোচ্য অংশটি কবি সত্যেন্দ্রনাথ দত্তের লেখা 'দার্জিলিঙের চিঠি' কবিতা থেকে নেওয়া হয়েছে।

ক) ফিরোজা রঙ হল আকাশি নীল রঙ। যা পাহাড়ি এলাকায় দূষণ মুক্ত আকাশে দেখা যায়।

খ) পূরণে আছে গরুড় হল বিষুণর বাহন। (চেহারার বর্ণনা দাও)।

গ) গরুড়ের পাখার সাদা নরম পালকের সাথে নীল আকাশের সাদা মেঘের কুচির তুলনা করা হয়েছে।

ঘ) এটি পশ্চিমবঙ্গের দার্জিলিঙ স্থানটির কথা বলা হয়েছে। কবি এখানেই মাটি থেকে প্রায় সাতশো ফুট উঁচু কোনো স্থানে ছিলেন।

২. আলোচ্য অংশটি.....

ক) লামা অর্থাৎ বৌদ্ধ শ্রমণ দের কথা বলে হয়েছে। এদের মনেস্তি সাধারণত পাহাড়ি এলাকায় থাকে। এখানে লামার মুলুক এই বিশেষ জায়গাকেই বোঝানো হয়েছে।

খ) পাহাড়ি এলাকায় কুয়াশা খুবই সাধারণ দৃশ্য। মাঝে মাঝেই কুয়াশা এসে সব ঢেকে দেয়।

গ) বাঙালি রা চিরকাল অভিযাত্রী হিসেবে খুব পরিচিত। পাহাড় কে ভালবেসে পাহাড়ের রহস্য উদঘাটনে সবসময়ে আগ্রহ প্রকাশ করেছে। তাই তাদের কথা এসেছে।

ঘ) অতীশ দীপঙ্কর এসেছিলেন পর্যটক হিসেবে। পাহাড়ের প্রতি আকর্ষণ জাগে সকলের। পাহাড় কে ভালবেসে শ্রদ্ধায় অবনত হয়ে তারা এদের একজন হয়ে গিয়েছিল। তাই পাহাড়ি মানুষের কাছেও এরা আপন।

৩. আলোচ্য অংশটি.....

ক) চরাচর মানে সমগ্র জগৎ। রুদ্ধ কথাটির মানে বন্ধ বা বন্ধ।

খ) রঙিন জগৎ বলতে এই বিশ্ব জগতের কথা বলেছেন কবি। কত রঙ তাতে। আকাশ, ফুল, ফল, গাছ ইত্যাদি সব মিলিয়ে বিচিত্র রঙের পরিবেশ।

গ) দৃষ্টি রুদ্ধ কারণ কুহেলিকার কুহক অর্থাৎ কুয়াশা এসে ঢেকে দেয় মানুষের দৃষ্টিপথ।

ঘ) সন্ধ্যায় যখন নিভে যায় প্রকৃতির আলো|অন্ধকার পাহাড়ি গৃহে জ্বলে ওঠে বৈদ্যুতিক আলো, দূর থেকেই তা দেখে মনে হয় গোটা পাহাড় জুড়ে গাঁদা ফুলের ঝড় ফুটেছে

সে এক অপরূপ দৃশ্যের কথা উল্লেখ করেছেন কবি।

### ★ ব্যাকরণ ( text বই থেকে)

১. সমার্থক শব্দ ( যেকোনো তিনটে করে পড়, ব্যাকরণ বই থেকে)
৩. পদান্তর : মলিনতা, উৎসাহিত, বিপুলতা, বিস্মিত ( উত্তর)
৪. বিপরীত : সাহস, অমলিন, দূরের, অবাঙালি, অনুৎসাহ, ইচ্ছা (উত্তর)

### ★ ব্যাকরণ

১. হাঁদুর টি কুটুরকুটুর করে জাল কাটছে।
২. অনেকক্ষণ বসে থাকার পর মেয়েটি উশখুশ করতে লাগল।
৩. কুকুরটি রাগে গরগর করছে।
৪. রাগে আমার গা রি রি করছে।
৫. ফায়ারপ্লেসে আগুন টা গনগন করে জ্বলছে।
৬. দুপুরে বেশি খাওয়ার পর কেমন আইটাই করছে।
৭. ছেলেটি কুড়মুড় করে চিপস খাচ্ছে।
৮. অফিসের বড়বাবু রেগেমেগে গটগট করে বেরিয়ে গেলেন।
৯. ছোট্ট বিড়ালছানাটি চুকচুক করে দুধ খাচ্ছে।
১০. পরীক্ষার সময় পড়ার টেবিল টা এলোমেলো হয়ে আছে।

( এভাবে খুব সহজ ভাষায় বাক্যরচনা করতে হবে|দেওয়া শব্দগুলিতে কোনো া-কার, ে-কার, ি-কার বসবে না।)